যুগান্তর

তারিখ ... 18 MAY 20
... কলাম ...

# ৫০ শিক্ষা প্রতিষ্ঠান ও ২ হাজার শিক্ষক-কর্মচারীর এমপিও স্থগিতের প্রতিবাদ

পাস করাতে ব্যর্থতার দায়ে সম্প্রতি ৫০ বেসরকারি কলেজ, মাদ্রাসা ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ২ হাজার শিক্ষক-কর্মচারীর এমপিও (বেতনের সরকারি অংশ) স্থগিতের প্রতিবাদ জানিয়েছে জাতীয় শিক্ষক-কর্মচারী ফ্রন্ট। শনিবার এক যুক্ত বিবৃতিতে এছাড়াও বিগত ২-৮ বছর ধরে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের বন্ধ করা প্রমোশন পুনর্বহাল, নতুন এমপিও প্রদানসহ বিভিন্ন দাবি করা হয়েছে। বিবৃতিতে বলা হয়, একই সিলেবাস ছাত্রছাত্রীদের পড়ানো হয় সরকারি-বেসরকারি উভয় প্রতিষ্ঠানে। শিক্ষার্থী ফেল করার কারণে সরকারি কলেজ-মাদ্রাসায় শিক্ষকের বেতন বন্ধ হয় না। অথচ সম্প্রতি শিক্ষা মন্ত্রণালয় বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান ও কলেজের শিক্ষকদের এমপিও বন্ধ করেছে। এই দ্বিমুখী নীতি বন্ধ করতে হবে। বিবৃতিদাতারা হলেন— ফ্রন্টের প্রধান সমন্বয়ক অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ, অধ্যাপক মোহাম্মদ আজিজুল ইসলাম, অধ্যক্ষ মোঃ শাহজাহান, অধ্যাপক আসাদুল হক, অধ্যক্ষ আবদুর রশিদ প্রমুখ।